

স্মারক নং : ৫৬.০২.০০০০.০০৪.১১.১১০.১৭-১২৭৫

তারিখ : ১২ আশ্বিন ১৪২৪  
২৭ সেপ্টেম্বর ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা	মন্তব্য
১	সহকারী পরিচালক (প্রশাসন)	০১ (এক) টি	টাঃ ২২,০০০/- থেকে ৫৩,০৬০/- (গ্রেডঃ ০৯) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে; তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হইবে না।	
২	সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট)	০১ (এক) টি	টাঃ ২২,০০০/- থেকে ৫৩,০৬০/- (গ্রেডঃ ০৯) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে; তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হইবে না।	

প্রার্থীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা ফরম বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে ([www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)) পাওয়া যাবে।

১। আবেদনপত্র আগামী (২৯/১০/২০১৭) তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (১০ম তলা), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে।


২। আবেদনের শর্তাবলীঃ

- (ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর হতে হবে। তবে, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখে বয়স হতে হবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর।
- (খ) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- (গ) আবেদনপত্রের সঙ্গে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের মেয়র/কউসিলরের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র, প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- (ঘ) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।
- (ঙ) সরকারি প্রচলিত বিধি মোতাবেক এই নিয়োগ প্রদান করা হবে।
- (চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান আবেদনপত্রের সহিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার তালিকা নম্বর (মুক্তিবার্তা নম্বর/গেজেট নম্বর), জাতীয় পরিচয়পত্র/জন্মতারিখ (সত্যায়িত ফটোকপি/প্রমাণক) সংযুক্তকরত নিম্নবর্ণিত ছক পূরণ করতে হবে।

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/জেলা নাম	জাতীয় পরিচয়পত্র/ জন্ম তারিখ	মুক্তিবার্তা নম্বর/ গেজেট নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)	(০৮)

তাছাড়াও আবেদনকারীর সহিত সনদধারী মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

- (ছ) আবেদনপত্রের সাথে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে পরীক্ষা ফি বাবদ ২০০/- (দুইশত) টাকার সোনালী ব্যাংক ড্রেজারী চালান (কোড নং ১-২৮০৫-৩০৩২-২৬৮১) জমা প্রদান করে ড্রেজারী চালান এর মূল কপি সংযুক্ত করতে হবে।
- (জ) প্রবেশপত্র প্রেরণের নিমিত্ত পদের নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ০৭ (সাত) টাকার ডাকটিকেটযুক্ত ফেরত খাম আবেদনপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (ঞ) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (ট) প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ঠ) লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- (ড) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- (ঢ) নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।
- (ন) মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট যাবতীয় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- ৩। আবেদনপত্র গ্রহণ, বাছাই, বাতিল কিংবা অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



পরিচালক (অর্থ ও প্রশাসন)  
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ